নং. 52.2

এক্সিকিউটিভ অর্ডার

টিকা প্রাপ্তির সাথে সম্পর্কিত ফেডারেল পদক্ষেপের কারণে নিউ ইয়র্ক স্টেটে ঘোষিত দুর্যোগের সময়সীমা বৃদ্ধি

যেহেতু, ফেডারেল সরকার সম্প্রতি বেশ কিছু পদক্ষেপ নিয়েছে যা জনস্বাস্থ্যের বিরুদ্ধে কাজ করতে পারে বলে মনে হচ্ছে, যার মধ্যে আছে জনস্বাস্থ্য রক্ষায় ডিপার্টমেন্ট অব হেলথ অ্যান্ড হিউমেন সার্ভিসেস (Department of Health and Human Services), ফুড অ্যান্ড ড্রাগ অ্যাডমিনিস্ট্রেশন (Food and Drug Administration), এবং সেন্টার্স ফর ডিজিজ কন্ট্রোল অ্যান্ড প্রিভেনশন (Centers for Disease Control and Prevention), এবং এমন এনটিটির অতি প্রয়োজনীয় কাজের পরিচালনা সম্পর্কিত বিষয় আছে, যার মধ্যে ভ্যাক্সিন সম্পর্কে ফেডারেল আইনের প্রয়োগ সম্পর্কিত বিষয় আছে;

যেহেতু, ফেডারেল সরকারের এই পদক্ষেপগুলোর ফলস্বরূপ, নিউ ইয়র্কের ফার্মেসিগুলো কোভিড-19 ভ্যাকসিন দেওয়ার ক্ষেত্রে বিধিনিষেধ আরোপ করেছিল যা প্রতিরোধের মাধ্যমে জনস্বাস্থ্য ও নিরাপত্তা বজায় রাখার ক্ষেত্রে স্টেটের সক্ষমতাকে বিপন্ন করেছে;

যেহেতু, জনস্বাস্থ্য ও নিরাপত্তা বজায় রাখার ক্ষেত্রে স্টেটের সক্ষমতা নিশ্চিত করার জন্য, আমি, 5 সেপ্টেম্বর, 2025 তারিখে, ফেডারেল সরকারের এই পদক্ষেপগুলোর ফলে উদ্‌ভূত নিউ ইয়র্ক স্টেটে একটি স্টেট দুর্যোগকালীন জরুরি অবস্থা ঘোষণা করে কার্যনির্বাহী আদেশ 52 জারি করেছি এবং

যেহেতু, ফেডারেল সরকারের এই পদক্ষেপগুলো স্টেটের জনস্বাস্থ্য ও নিরাপত্তা বজায় রাখার সক্ষমতাকে ক্রমাগত বিপন্ন করে চলেছে;

অতএব, আমি, Kathy Hochul (ক্যাথি হোকল), নিউ ইয়র্ক স্টেটের গভর্নর, নিউ ইয়র্ক স্টেটের সংবিধান এবং কার্যনির্বাহী আইনের ধারা 2-বি দ্বারা আমাকে অর্পিত ক্ষমতা বলে, এতদ্বারা স্টেটব্যাপী দুর্যোগকালীন জরুরি অবস্থার আদেশের একটি অব্যাহত প্রয়োজনীয়তা দেখতে পাচ্ছি এবং কার্যনির্বাহী আদেশ নম্বর 52-এ উল্লিখিত স্টেট দুর্যোগকালীন জরুরি অবস্থার সময়সীমা বৃদ্ধি করছি এবং এর শর্তাবলি, অবস্থা এবং স্থগিতাদেশগুলো 30 নভেম্বর, 2025 তারিখ পর্যন্ত কার্যকর রাখছি।

আমার স্বহস্তে এবং স্টেটের প্রিভি সিল সহ অ্যালবানি সিটিতে দুই হাজার পঁচিশ সালের ক্টোবর মাসের এই 31ম দিনে এটি প্রদান করা হল।

গভর্নর কর্তৃক

গভর্নরের সচিব